

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ
ঢাকা

নং- ১৯.০০.০০০০.৫৩০.২৭.০০৫.২৩

০৩ মে ২০২৩

বিষয়ঃ কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের এপ্রিল ২০২৩-এর মাসিক প্রতিবেদন

গত এপ্রিল ২০২৩ সময়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ কর্তৃক নিম্নলিখিত কার্যাবলি সম্পন্ন করা হয়েছেঃ

আন্তঃমন্ত্রণালয় সভার আয়োজনঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ কর্তৃক প্রদত্ত সেবাসমূহের বিপরীতে ফি গ্রহণের সম্ভাব্যতা নিরূপণে একটি সভা পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব) মহোদয়ের সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা ১২ এপ্রিল, ২০২৩ তারিখে আয়োজন করা হয়।

০২. দলিলাদি সত্যায়নঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে বিদেশে বসবাসরত লক্ষ লক্ষ বাংলাদেশীর স্বার্থ সংরক্ষণে পররাষ্ট্র মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে চলেছে। এ অনুবিভাগ বিদেশ গমনেচ্ছু নাগরিকদের শিক্ষাগত যোগ্যতার সনদ, জন্ম/মৃত্যু সনদ, পুলিশ ক্রিয়ারেপ সনদ, আমমোক্তারনামা সহ বিবিধ কাগজপত্রাদি প্রত্যয়ন করার পাশাপাশি কূটনৈতিক পাসপোর্ট ইস্যু ও রিইস্যু করে থাকে। এরই ধারাবাহিকতায় এপ্রিল-২০২৩ সময়ে কনস্যুলার শাখা কর্তৃক ১,৯৪,৭৮৯ সংখ্যক দলিল, সনদ, ও অন্যান্য কাগজপত্রাদি সত্যায়ন করা হয়েছে যার পরিসংখ্যান নিম্নরূপঃ

নং	সেবার ধরণ/নাম	সংখ্যা
০১.	পুলিশ ক্রিয়ারেপ সনদ সত্যায়ন	৮৯,১৪৩ টি
০২.	বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ কর্তৃক সম্পাদিত আম-মোক্তারনামা/বিদেশি সনদ সত্যায়ন	৫০৪ টি
০৩.	আম-মোক্তারনামা দলিলের পুনঃসঠিকতা যাচাই	১৪২ টি
০৪.	শিক্ষা সনদ সত্যায়ন	৬৫,০০০ টি
০৫.	বিবিধ নথিপত্র/সনদ (বৈবাহিক সনদ/ স্থানীয় আম-মোক্তারনামা, পারিবারিক সনদ, জন্ম নিবন্ধন সনদ ইত্যাদি) সত্যায়ন	৪০,০০০ টি
	মোট সেবার সংখ্যা	১,৯৪,৭৮৯ টি

০৩. ভিসা প্রাপ্তির জন্য অনাপত্তি সনদ ইস্যুঃ বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে আবেদনের প্রেক্ষিতে এপ্রিল ২০২৩ মাসে ২৪২ জন বিদেশী নাগরিকের বাংলাদেশে আগমনের ব্যাপারে মতামত প্রদান/ অনাপত্তি সনদ ইস্যুর জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন করা হয়েছে।

০৪. কূটনৈতিক পত্র ইস্যুঃ কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের কনস্যুলার শাখা বিভিন্ন মন্ত্রণালয়/ দপ্তরের আবেদনের প্রেক্ষিতে সরকারি আদেশে বিদেশ ভ্রমণের জন্য ভিসা প্রক্রিয়াকরণের নিমিত্ত এপ্রিল ২০২৩ মাসে ৬৫৬ জন নাগরিকের জন্য ২৯২ টি Note Verbale (কূটনৈতিক পত্র) এবং ২৮৮ জন নাগরিকের জন্য ১২১ টি Letter of Introduction (পরিচিতি পত্র) ইস্যু করা হয়েছে।

০৫. কূটনৈতিক পাসপোর্ট সংক্রান্ত কার্যাবলিঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের পররাষ্ট্র ক্যাডারভুক্ত কর্মকর্তা, কূটনৈতিক পাসপোর্ট প্রাপ্তির জন্য প্রাধিকারভুক্ত কর্মকর্তা এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পদায়নকৃত অন্যান্য ক্যাডারভুক্ত কর্মকর্তাদের আবেদনের প্রেক্ষিতে কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের এমআরপি শাখা কর্তৃক এপ্রিল ২০২৩ মাসে ৪৯ টি কূটনৈতিক পাসপোর্ট ইস্যু এবং ১৬ টি কূটনৈতিক পাসপোর্ট বাতিল করা হয়েছে।

০৬. সার্ক ভিসা স্টিকার ইস্যুঃ ইস্যুকৃত কূটনৈতিক পাসপোর্টে ২১ টি সার্ক ভিসা স্টিকার ইস্যু করা হয়েছে।

০৭. অফিসিয়াল পাসপোর্ট সংক্রান্ত কার্যাবলিঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মচারীগণ এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পদায়নকৃত কর্মচারীগণের আবেদনের প্রেক্ষিতে কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের এমআরপি শাখা ২৬ টি অফিসিয়াল পাসপোর্টের জন্য অনাপত্তি সনদ প্রদান করেছে।


০৮. বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে প্রাপ্ত বিভিন্ন সমস্যার সমাধানকল্পে ও দৈনন্দিন অন্যান্য কার্যাবলী সংক্রান্ত বিভিন্ন বিষয়ে বাংলাদেশে অবস্থিত সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও অফিস যেমনঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধকের রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বিমানবন্দর ইমিগ্রেশন ইত্যাদির সাথে মিশনসমূহের যোগাযোগ স্থাপন ও মিশনের পক্ষে সমন্বয় সাধনের মাধ্যমে সেসব সমস্যার সমাধান করা হয়েছে।

০৯. এছাড়া পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বিদেশস্থ মিশনসমূহ তাদের অধিক্ষেত্রাধীন বাংলাদেশী প্রবাসী ও ডায়াসপোরাদের বিবিধ কনস্যুলার ও কল্যাণ সেবা প্রদান করেছে।



মে- ২০২৩ এর কর্ম-পরিকল্পনা

- ক) নাগরিকত্ব যাচাই সাপেক্ষে বিভিন্ন দেশে আটকে পড়া আরো বাংলাদেশী নাগরিকদের প্রত্যাভাসনের ব্যবস্থা করা হবে।
- খ) বিভিন্ন দেশের জেলে বন্দী বাংলাদেশি নাগরিকদের দেশে প্রত্যাভাসনের ব্যবস্থা করা হবে।
- গ) লিবিয়া সহ অন্যান্য দেশ হতে চার্টার্ড ফ্লাইটের মাধ্যমে অনিয়মিত বাংলাদেশি নাগরিকদের দেশে প্রত্যাভাসন করা হবে।
- ঘ) বিদেশে মৃত বাংলাদেশি নাগরিকদের দেশে প্রত্যাভাসনের ব্যবস্থা করা হবে।
- ঙ) বাংলাদেশ মিশন কর্তৃক এবং অন্যান্য মন্ত্রণালয়/ দপ্তর কর্তৃক স্বাক্ষরিত বিভিন্ন দলিলাদির সত্যায়ন
- চ) বিদেশি নাগরিকগণের বাংলাদেশে আগমনের ক্ষেত্রে ভিসা প্রাপ্তির নিমিত্ত মিশন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন করে অনাপত্তি সনদ ইস্যুকরণ
- ছ) কূটনৈতিক পাসপোর্ট, সার্ক ভিসা স্টিকার, পাসপোর্টের অনাপত্তি সনদ প্রদান/ ইস্যুকরণ
- জ) এছাড়া কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের অন্যান্য রুটিন কার্যাবলী সম্পাদন

 3/5/23

(জি. এম. ইফতেখার)

সহকারী সচিব (কনস্যুলার ও এমআরপি)